৫৫

তারিখ 08 OCT [illegible]
পৃষ্ঠা ১ কলাম ২

দৈনিক বাংলা

ভাইস চ্যান্সেলরদের সঙ্গে বৈঠকে প্রেসিডেন্ট

# শিক্ষাঙ্গনে সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার ব্যবস্থায় সুফল দিচ্ছে

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ গতকাল এখানে বলেন, শিক্ষাঙ্গনে শিক্ষার উপযোগী ও সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার জন্য গৃহীত বিভিন্ন পদক্ষেপে ইতিমধ্যেই ইতিবাচক ফল পাওয়া যাচ্ছে।

বাসস জানায়, তিনি আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে বিশ্ববিদ্যালয়সমূহের ভাইস চ্যান্সেলরদের নিয়মিত মাসিক বৈঠকে ভাষণ দিচ্ছিলেন। সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় অতীত গৌরব পুনরুদ্ধার করা সম্ভব হবে বলে তিনি আস্থা প্রকাশ করেন।

বৈঠকের শুরুতে শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম শিক্ষাঙ্গনে বিরাজমান পরিস্থিতির সার্বিক চিত্র তুলে ধরে বলেন, সরকার গৃহীত ব্যবস্থাদির ফলে সাধারণ ছাত্র-ছাত্রীদের মধ্যে আস্থা ফিরে এসেছে।

এ বৈঠকে পূর্ববর্তী বৈঠকসমূহের বিভিন্ন সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয়।

এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## সুফল দিচ্ছে

(১ম পৃঃ পর)

গৃহীত ব্যবস্থার সুফলে প্রেসিডেন্ট সন্তোষ প্রকাশ করেন।

বৈঠকে ১৯৭৩ সালের বিশ্ববিদ্যালয় অর্ডিন্যান্স সময়োপযোগী করার বিভিন্ন ব্যবস্থা নিয়ে আলোচনা করা হয়। প্রেসিডেন্ট বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনকে সংশ্লিষ্ট সকলের সঙ্গে আলোচনা করে এই অর্ডিন্যান্স সময়োপযোগী করার কাজ দ্রুত চূড়ান্ত করার নির্দেশ দেন।

ছাত্রদের সমস্যাদি বিবেচনা করে এবং বিশ্ববিদ্যালয়ে শান্তিপূর্ণ পরিস্থিতি বিরাজমান থাকায় প্রেসিডেন্ট ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয় রেল স্টেশন খুলে দেয়ার নির্দেশ দেন।

এ স্টেশনকে কেন্দ্র করে হিংসাত্মক ঘটনা ঘটার পর এটা বন্ধ করে দেয়া হয়।

শিক্ষা প্রতিমন্ত্রী নিতাই রায় চৌধুরী, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান ও জাতীয় অধ্যাপক সৈয়দ আলী আহসান, প্রেসিডেন্টের মুখ্য সচিব এ এইচ সাদিক এবং শিক্ষা সচিব হেদায়েত আহমদও এ বৈঠকে উপস্থিত ছিলেন।